মানিকগঞ্জে আরিচা ঘাটে পার্কিংয়ে থাকা ট্রাকে আগুন



ছবি: সংগৃহীত

মানিকগঞ্জের শিবালয় উপজেলার আরিচা ঘাট ফেরি টার্মিনালে পার্কিং করে রাখা একটি ট্রাকের কেবিনে আগুন লাগার ঘটনা ঘটেছে। রোববার (১৫ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, আগুন লাগার পর স্থানীয় লোকজনের চেষ্টায় দ্রুত তা নিয়ন্ত্রণে আসে। ফলে আগুন আশপাশের অন্য যানবাহনে ছড়িয়ে পড়েনি। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। ট্রাকটির মালিক স্থানীয় ব্যবসায়ী আব্দুল লতিফ মল্লিক বলে জানা গেছে।

শিবালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম বলেন, ট্রাকের মালিকের সঙ্গে কথা বলে প্রাথমিকভাবে জানা গেছে, শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত। দ্রুত আগুন নিয়ন্ত্রণে আসায় বড় ধরনের দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে।

LENS ASIA